আজকের কাগজ

26 NOV 1991
তারিখ ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

৪১

# চঃ বিঃ শিক্ষকেরা ৩ ডিসেম্বর পর্যন্ত ক্লাস বর্জনের সিদ্ধান্ত নিয়েছেন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্লাবে গতকাল বিকেলে সরোজকুমার হাজারীর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় শিকক সমিতির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ছাত্রশিবিরের সন্ত্রাস ও সরকারের নির্লিপ্ততার নিন্দা জানিয়ে এবং ক্যাম্পাসে দ্রুত শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার দাবিতে আগামী ৩ ডিসেম্বর পর্যন্ত ক্লাস বর্জনের সিদ্ধান্ত নেয়া হয়।

৩ ডিসেম্বরের মধ্যে দাবি আদায় না হলে ঐ দিন বিকেলে শিক্ষকরা বৃহত্তর কর্মসূচির ঘোষণা দেবেন বলে জানানো হয়।

সভায় বর্তমান উপাচার্যের আপোষহীন ভূমিকার জন্যে তাকে অভিনন্দন জানানো হয়।